# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং প্রকা/শানিব্যউবি-১(৩২)অংশ-৩/২০২২-২০২৩/৮১০ তারিখ ঃ ০৮-০১-২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির আওতায় ঋণ বিতরণ প্রসংগে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগ এর ০১ জানুয়ারি ২০২৩ তারিখের এসিডি সার্কুলার লেটার নং:০১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপরোক্ত বিষয়ে বর্ণিত সার্কুলার লেটারটির মাধ্যমে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়:

ক) কৃষি ঋণ বিতরণের পরিধি একই কৃষকের মধ্যে সীমাবদ্ধ না রেখে যাচাই বাছাইয়ের মাধ্যমে নতুন কৃষককে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদান করতে হবে।

খ) যৌক্তিক বিবেচনায় একই পরিবারের একাধিক ব্যক্তিকে কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা যাবে।

গ) জেলা কৃষি ঋণ কমিটির কার্যক্রম আরও ফলপ্রসু ও গতিশীল করার লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ নীতিমালার অনুচ্ছেদ নং-৪.০, ১০.০৫, এবং ১৫.০০ এ প্রদত্ত সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, কৃষি ঋণ বিভাগ হতে জারীকৃত সার্কুলার লেটারটির নির্দেশানসূমহ যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ প্রদান করা হলো এবং উক্ত পত্রের সাথে সংযুক্ত ছক (পরিশিষ্ট-১) অনুযায়ী প্রতি ত্রৈমাসিক সমাপনান্তে **বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে** নতুন কৃষকের অনুকূলে ঋণ বিতরণের পুঞ্জিভূত **সমন্বিত বিবরণী** পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

০৮/০১/২৩

(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

নং প্রকা/শানিব্যউবি-১(৩২)অংশ-৩/২০২২-২০২৩/৮১০ তারিখ ঃ ০৮-০১-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।

০৮/০১/২০২৩

(রাজিব হাসান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

**কৃষি ঋণ বিভাগ**

এসিডি সার্কুলার লেটার নং: ০১

তারিখ: ১৭ পৌষ ১৪২৯ / ০১ জানুয়ারি ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির আওতায় ঋণ বিতরণ প্রসঙ্গে।**

দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের জন্য কৃষি খাতের অগ্রযাত্রা অব্যাহত রাখা এবং খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকল্পে উন্নত কৃষি ব্যবস্থার প্রয়োজনীয়তা রয়েছে। এ প্রেক্ষিতে কৃষকবান্ধব ও দারিদ্র্য বিমোচনে সহায়ক টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলার জন্য প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিতকরণের লক্ষ্যে ২৮ জুলাই ২০২২ তারিখের এসিডি সার্কুলার নং-০৪ এর মাধ্যমে "২০২২-২০২৩ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি" প্রণয়ন করা হয়। উক্ত নীতিমালার মাধ্যমে কৃষি ও পল্লী ঋণ বিতরণের জন্য ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষণে কৃষি ও পল্লী ঋণ কার্যক্রমকে অধিকতর ফলপ্রসু করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

১. কৃষি ঋণ বিতরণের পরিধি একই কৃষকের মধ্যে সীমাবদ্ধ না রেখে যাচাই বাছাইয়ের মাধ্যমে নতুন কৃষককে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ প্রদান করতে হবে। নতুন কৃষকদের অনুকূলে ঋণ বিতরণের বিবরণী সংযুক্ত ছক (পরিশিষ্ট-১) অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে (সংশ্লিষ্ট ত্রৈমাসিক সমাপনান্তে ৭ কর্মদিবসের মধ্যে) এ বিভাগে দাখিল করতে হবে।

২. যৌক্তিক বিবেচনায় একই পরিবারের একাধিক ব্যক্তিকে কৃষি ও পল্লী ঋণ বিতরণ করা যাবে।

৩. জেলা কৃষি ঋণ কমিটির কার্যক্রম আরও ফলপ্রসু ও গতিশীল করার লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ নীতিমালার অনুচ্ছেদ নং- ৪.০, ১০.০৫ এবং ১৫.০ এ প্রদত্ত সংশ্লিষ্ট নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি: ১ (এক)।

(মোঃ আবুল কালাম আজাদ)
পরিচালক (এসিডি)
ফোন: ৯৫৩০১৩৮

পরিশিষ্ট-১

## নতুন কৃষকের অনুকূলে ঋণ বিতরণের পুঞ্জিভুত বিবরণী (ত্রৈমাসিক ভিত্তিক)

ব্যাংকের নামঃ

বিবরণীর সময়কালঃ --/--/---- তারিখ ভিত্তিক

(লক্ষ টাকার অঙ্কে)

| জেলার নাম | উপজেলার নাম | শাখার নাম | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে বিতরণকৃত ঋণের পরিমাণ | | | | | | | | | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে ঋণপ্রাপ্ত কৃষকের সংখ্যা | সংশ্লিষ্ট অর্থবছরের পুঞ্জিভুত তথ্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | শস্য/ ফসল | সেচ যন্ত্রপাতি | কৃষি যন্ত্রপাতি | পোল্ট্রি ও প্রাণিসম্পদ | মৎস্য | শস্যগুদাম ও বাজারজাতকরণ | দারিদ্র বিমোচন | অন্যান্য | মোট | | ঋণ বিতরণের পরিমাণ | ঋণপ্রাপ্ত কৃষকের সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | |